

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্সটিটিউশন ইউনিট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা  
website : [www.bangladeshbank.org.bd](http://www.bangladeshbank.org.bd)

বিএফআইইউ সার্কুলার নং : ১১

তারিখঃ ১১ জ্যৈষ্ঠ, ১৪২২  
২৫ মে, ২০১৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়গণ,

**নগদ লেনদেন রিপোর্ট (Cash Transaction Report-CTR) দাখিলকরণ প্রসঙ্গে।**

মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৩ ধারা এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০১২ ও ২০১৩ সালের সংশোধনসহ) এর ১৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ বাংলাদেশের সকল আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক যথাযথভাবে অনুসরণের জন্য জারী করা হলো :

- প্রতিটি আর্থিক প্রতিষ্ঠান তার দৈনন্দিন লেনদেন পর্যালোচনা করে একটি হিসাবে একটি নির্দিষ্ট দিনে এক বা একাধিক লেনদেনের মাধ্যমে জমা বা উত্তোলনের (অনলাইনসহ যে কোন ধরনের নগদ জমা বা উত্তোলন) পরিমাণ যদি ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা বা তদূর্ধ্ব অর্থের হয় তবে স্ব স্ব কেন্দ্রীয় পরিপালন ইউনিটের মাধ্যমে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্সটিটিউশন ইউনিট (বিএফআইইউ) বরাবরে নগদ লেনদেন রিপোর্ট (Cash Transaction Report-CTR) হিসেবে দাখিল করবে। এক্ষেত্রে নগদ লেনদেন বলতে আর্থিক প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবে আর্থিক প্রতিষ্ঠানে পরিচালিত হিসাবের অনুকূলে তাদের গ্রাহক বা তৃতীয় পক্ষ কর্তৃক সম্পাদিত নগদ লেনদেনকে বোঝাবে।
- এরূপ বিবরণী মাসিক ভিত্তিতে প্রদেয় হবে। সে মোতাবেক প্রতি মাসের নগদ লেনদেন রিপোর্ট পরবর্তী মাসের ২১ তারিখের মধ্যে goAML web এর মাধ্যমে বিএফআইইউ এর নিকট দাখিল করতে হবে। goAML সংশ্লিষ্ট প্রয়োজনীয় ডকুমেন্ট <http://www.bb.org.bd/eservices.php> ওয়েবলিংক হতে ডাউনলোড করা যাবে।
- সংশ্লিষ্ট মাসে আর্থিক প্রতিষ্ঠানে রিপোর্টযোগ্য নগদ লেনদেন সংঘটিত না হলে “নগদ লেনদেন রিপোর্টযোগ্য কোন লেনদেন নেই” মর্মে প্রত্যয়নপত্র goAML Web এর Message Board এর মাধ্যমে বিএফআইইউকে অবহিত করতে হবে।
- সরকারী হিসাব (বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগসহ), সরকারী মালিকানাধীন প্রতিষ্ঠান, আধা সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের হিসাবে নগদ জমার ক্ষেত্রে নগদ লেনদেন রিপোর্ট দাখিল করার প্রয়োজন হবে না, তবে নগদ উত্তোলনের ক্ষেত্রে যথানিয়মে নগদ লেনদেন রিপোর্ট দাখিল করতে হবে।
- সামগ্রিক পরিস্থিতি পর্যালোচনাপূর্বক মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম নিবিড়ভাবে পর্যবেক্ষণের সুবিধার্থে নগদ লেনদেন রিপোর্টিং পদ্ধতি চালু করা হলো। পূর্বে প্রবর্তিত সন্দেহজনক লেনদেন রিপোর্টিং একটি সম্পূর্ণ পৃথক ব্যবস্থা। কোন হিসাবে নগদ লেনদেন রিপোর্টযোগ্য লেনদেন সম্পাদিত হলেই তা সন্দেহজনক লেনদেন হিসেবে বিবেচিত হবে না। তবে কেন্দ্রীয় পরিপালন ইউনিট আর্থিক প্রতিষ্ঠানটির নগদ লেনদেন রিপোর্টযোগ্য সকল লেনদেন পর্যালোচনা করে কোন সন্দেহজনক লেনদেন সংঘটিত হয়েছে কিনা তা চিহ্নিত করবে ও সন্দেহজনক লেনদেন পরিলক্ষিত হলে পৃথকভাবে “সন্দেহজনক লেনদেন রিপোর্ট” হিসেবে বিএফআইইউ বরাবর দাখিল করবে। সন্দেহজনক লেনদেন পরিলক্ষিত না হলে “সন্দেহজনক লেনদেন পাওয়া যায়নি” মর্মে প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা হতে প্রত্যয়ন পত্র গ্রহণ করতঃ মাসিক নগদ লেনদেন রিপোর্টের সাথে goAML Web এর Message Board এর মাধ্যমে বিএফআইইউকে অবহিত করতে হবে।

৬) আর্থিক প্রতিষ্ঠানসমূহ নগদ লেনদেন রিপোর্ট এর তথ্যাদি বিএফআইইউ এ দাখিলের মাস হতে কমপক্ষে ৫(পাঁচ) বছর সংরক্ষণ করবে।

আগামী ০১ জুন, ২০১৫ তারিখ হতে এ নির্দেশনা কার্যকর বলে গণ্য হবে। অর্থাৎ, এ নির্দেশের আওতায় জুন, ২০১৫ মাসে সম্পাদিত নগদ লেনদেনের প্রথম রিপোর্ট জুলাই, ২০১৫ মাসের নির্ধারিত তারিখের মধ্যে বিএফআইইউতে দাখিল করতে হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ নাসিরুজ্জামান)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১১৮

প্রতিলিপি নং : বিএফআইইউ(অ্যানালাইসিস)-০১/২০১৫-১০৪৪

তারিখ : উল্লিখিত

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরণ করা হলো :

১. সকল বিভাগীয় প্রধান, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বগুড়া/সিলেট/সদরঘাট, ঢাকা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
৩. নির্বাহী পরিচালক, গভর্নর মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. গভর্নর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ডেপুটি গভর্নর মহোদয়গণের সাথে সংযুক্ত উপ-পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. অর্থনৈতিক উপদেষ্টা/নির্বাহী পরিচালক মহোদয়গণের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. মহাপরিচালক, বাংলাদেশ ইন্সটিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট, মিরপুর, ঢাকা।
৮. মহাসচিব, দি ইন্সটিটিউট অব ব্যাংকার্স বাংলাদেশ, বিএসআরএস ভবন, ১০ম তলা, ১২, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা।
৯. নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক ট্রেনিং একাডেমী, মিরপুর, ঢাকা।
১০. চেয়ারম্যান, বাংলাদেশ লীজিং এন্ড ফাইন্যান্স কোম্পানীজ এসোসিয়েশন (বিএলএফসিএ), সারা টাওয়ার, ১১/এ টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল, ঢাকা-১০০০।



(ফারজানা আক্তার)

উপ-পরিচালক

ফোন : ৯৫৩০০১০-৭৫/২৪৬৬